

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(গোপনীয় শাখা)

মাহমুদুল কবীর মুরাদ, জেলা প্রশাসক, হবিগঞ্জ কর্তৃক হবিগঞ্জ সদর উপজেলাধীন ০৫ নং গোপায়া ইউ/পি অফিস পরিদর্শন প্রতিবেদন।

গত ০৫/০৬/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় হবিগঞ্জ সদর উপজেলাধীন ০৫ নং গোপায়া ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মর্জিনা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, জনাব মোঃ আক্তার হোসন, চেয়ারম্যান ৫নং গোপায়া ইউনিয়ন পরিষদ উপস্থিত ছিলেন। পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ

০১। (ক) অফিসের অবস্থান : হবিগঞ্জ জেলা সদর হতে প্রায় ০২ কি.মি. দক্ষিণে হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ সড়কের পশ্চিম পার্শ্বে ইউনিয়ন পরিষদের নিজস্ব ভূমিতে নবনির্মিত ভবনে-এ ইউনিয়ন পরিষদ অফিসটি অবস্থিত।

(খ) সাধারণ তথ্যাদি :

(১) জনসংখ্যা	-	৩২,৬৮৯ জন
(২) আয়তন	-	৬১১৪ একর
(৩) ইউপির মোট ভূমির পরিমাণ	-	৫০ শতক
(৪) গ্রাম	-	১৬ টি
(৫) সরকারি প্রাথমিক বিদ্যালয়	-	০৮টি
(৬) কলেজ	-	০১ টি
(৭) মসজিদ	-	৫৯ টি
(৮) হাটবাজার	-	০৪ টি
(৯) খেয়াঘাট	-	০২ টি
(১০) শিক্ষার হার	-	৪৩%
(১১) স্যানিটেশনের হার	-	৮৫%
(১২) পাকা সড়ক	-	১১ কিঃ মিঃ
(১৩) আধা পাকা সড়ক	-	১০ কিঃ মিঃ
(১৪) কাঁচা সড়ক	-	২০ কিঃ মিঃ
(১৫) পঃ পঃ কেন্দ্র	-	০১ টি

(১৬) সরকারি বিভিন্ন স্থাপনা

- (ক) জেলা কারাগার।
(খ) জেলা পুলিশ লাইন।
(গ) এল জি ই ডি জেলা সদর দপ্তর।
(ঘ) জালালাবাদ গ্যাস, আঞ্চলিক কার্যালয়।
(ঙ) জেলা সাব রেজিস্ট্রার কার্যালয়।
(চ) বন বিভাগ।
(ছ) পলিটেকনিক্যাল ইন্সটিটিউট।
(জ) বিসিক শিল্পনগরী।
(ঝ) যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র।

মন্তব্য : আরও অধিক পরিমাণ তথ্য সংগ্রহক্রমে একনজরে ইউনিয়নের সাধারণ তথ্যাবলী সম্মিলিত তথ্যাদি লিপিবদ্ধ করে একটি বোর্ডে মানচিত্রসহ সাজিয়ে দেয়ালে সংরক্ষণের জন্য ইউপি চেয়ারম্যানকে পরামর্শ দেয়া গেল।

০২। প্রশাসন : এ পরিষদের নির্বাচিত ০১ জন চেয়ারম্যান ০৩ জন সদস্য (সংরক্ষিত আসন), ০৯ জন (পুরুষ) সদস্য গত ১৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখে শপথ অনুষ্ঠানের মাধ্যমে দায়িত্ব পালন করে আসছেন।

মন্তব্য : নির্বাচিত প্রশাসন সন্তোষজনক।

০৩। জনবল : এ অফিসের জনবল পরিস্থিতি নিম্নরূপঃ

ক্রমিক নং	মুকুরীকৃত পদের নাম	মুকুরীকৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
০১.	সচিব	০১	০১	-
০২.	দফাদার	০১	-	০১
০৩.	মহলাদার	০৯	০৯	-
	মোট	১১	১০	০১

এ ইউনিয়ন পরিষদ কার্যালয়ে দফাদারের পদটি শূন্য রয়েছে।

